

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪৪

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১২. কোন্ সময় ইহরাম বাঁধা মুস্তাহাব

بَابِ فِي أَيِّ وَقْتٍ يُسْتَحَبُّ الْإِحْرَامُ

আরবী

أَخْبَرَنَا إِسْحَقُ قَالَ أَخْبَرَنَا النَّصْرُ هُوَ ابْنُ شُمَيْلٍ أَخْبَرَنَا أَشْعَتُ عَنْ الْحَسَنِ عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحْرَمَ أَوْ أَهَلَّ فِي دُبُرِ الصَّلَاةِ

বাংলা

১৮৪৪. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতের পর ইহরাম বাঁধেন বা (ইহরামের) তাহলীল উচ্চারণ করেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাসানের আনাস (রা:) এর থেকে শ্রবণ সাব্যস্ত। সুতরাং তার 'আন আন' পদ্ধতিতে এটি বর্ণনা করা এর কোনো ক্ষতি করবে না। আল্লাহই ভাল জানেন।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মাজমাউয যাওয়াইদ নং ৫৪২২ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন